গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
সমন্বয় শাখা-২

নং-২০.৮০৪.০১৪.০০.০০.০১৪.২০১২ (অংশ-১)-৯৩

১৯ বৈশাখ, ১৪২৩
তারিখঃ --------------------
০২ মে, ২০১৫ খ্রি:

## পরিপত্র

বিষয়: সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত পরিপত্র –২০০৮ এর সংশোধন।

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত পরিপত্র–২০০৮ (নংপবি/এনইসি/সমন্বয়-২/পরিপত্র/২৯/২০০৭/৪৭; তারিখ: ২৯ মে ২০০৮) প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে বিগত ০৫/০৪/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নরূপ পরিবর্তন করা হয়েছে:

(ক) প্রকল্প মুল্যায়ন কমিটি'র (পিইসি) সভার সুপারিশক্রমে অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) কোটি টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত বিনিয়োগ প্রকল্প অনুমোদনের জন্য সার-সংক্ষেপ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর নিকট উপস্থাপন করতে হবে।

(খ) বিনিয়োগ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে হলে পিইসি সভার সুপারিশক্রমে তা অনুমোদনের জন্য সার-সংক্ষেপ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় উপস্থাপন করতে হবে।

গ) বৈদেশিক সহায়তা এবং জিওবি অর্থসহ অনূর্ধ্ব ১০ (দশ) কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ের কারিগরি সহায়তা প্রকল্প বিভাগীয় প্রকল্প মুল্যায়ন কমিটি'র (ডিএসপিইসি) সভার সুপারিশক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের কারিগরি সহায়তা প্রকল্পের অনুমোদন পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াকরণ করা হবে।

| | |
|---|---|
| [illegible] / সংখ্যা ঃ ৪.১৩ | |
| ঃ ৬/৫/১৬ | |
| ( সমন্বয় ) | |
| ( [illegible] ) | |
| ( [illegible]-১) | |
| ( [illegible]-২) | |
| ( [illegible] ) | |
| ( যোগাযোগ ) | |
| ( টিএসসি ) | |
| ( [illegible] ) | |

২। এ পরিপত্রটি সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত পরিপত্র –২০০৮ এর ১.১৩, ৭.১, ৭.২ অনুচ্ছেদ সমূহের প্রযোজ্য অংশের প্রতিস্থাপন বলে গণ্য হবে।

৩। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

২/৫/১৬
(মো: হেলাল উদ্দিন)
যুগ্ম-প্রধান
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ

বিতরণ জেষ্ঠতার (ভিত্তিতে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব ..........................................মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪। সদস্য (সকল),..........................................বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। প্রধান (সকল) ....সেক্টর অবকাঠামো......বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

১৭৪৯
৬/৫/১৬

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মন্ত্রী (পরিকল্পনা মন্ত্রণালয়) মহোদয়ের একান্ত সচিব, শেরে বাংলা নগর, ঢাকা।
২। প্রতিমন্ত্রী (অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়) মহোদয়ের একান্ত সচিব, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

বিতরণঃ যুগ্ম প্রধান (সকল)

D:\Misclinious Letter & Note etc\Letter\letter.doc

Rony Ral
03/5/16
রনি রহমান
সহকারী প্রধান